# ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২' উদযাপন সংক্রান্ত প্রতিবেদন

"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার ডিজিটাল গ্রন্থাগার" এই প্রতিপাদ্যকে সামনে রেখে স্বাস্থ্যবিধি মেনে বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে রংপুরস্থ সরকারি বেসরকারি গ্রন্থাগারের প্রতিনিধিগণ ও স্থানীয় বিশিষ্ঠ ব্যক্তিবর্গ ও গ্রন্থাগার প্রেমি সুধীজন সহ শিক্ষা ও সংস্কৃতির বিশিষ্ট ও গুণীজনদের নিয়ে রংপুর বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার কর্তৃক সারা দিনব্যাপী জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ (৫ ফেব্রুয়ারি) উদযাপন করা হয়। জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ (৫ ফেব্রুয়ারি) কে সামনে রেখে আগে থেকে গ্রন্থাগার ভবন রং বেরং এর বেলুন দ্বারা সাজানো হয়।, আলোক সজ্জা ও রঙ্গিন কাগজের উপর গ্রন্থগার দিবসের স্লোগান ও লোগো সম্বলিত ত্রিকোণাকার পতাকা, লং ব্যানার ,ফেস্টুন ও থরে থরে চায়না পাম গাছের টব (লাল-সবুজ বাতি দ্বারা) সমগ্র ভবন ও গ্রন্থগার চত্বর সাজানোর মাধ্যমে উৎসবের আমেজ তৈরী করা হয়।

৫ ফেব্রুয়ারী ২০২২ বিকাল ৪.০০টায় জনাব মো: আসিব আহসান ,জেলা প্রশাসক, রংপুর ও আহবায়ক, জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন কমিটি মহোদয় সকল সম্মানিত অতিথি,সুধীজনদের নিয়ে গ্রন্থাগার চত্বর হতে গ্রন্থাগার দিবসের লোগো ও স্লোগান ওয়ালা ফেস্টুন সম্বলিত গ্যাস বেলুন উড়িয়ে " জাতীয় গ্রন্থাগার দিবস "উদ্বোধন করেন।

এরপর আমন্ত্রিত অতিথিদের সকলকে নিয়ে গ্রন্থাগারের ৩য় তলায় অবস্থিত সেমিনার রুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয় উল্লেখ্য স্বাস্থ্যবিধি মেনে একটির পর একটি আসন ফাকা রেখে এই সভা করা হয় । সভার প্রারম্ভে জাতীয় গ্রন্থাগার দিবসের উপর প্রজেক্টরের মাধ্যমে একটি মনোমুগ্ধকর ভিডিও ফুটেজ প্রদর্শন করা হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মো: আসিব আহসান, মাননীয় জেলা প্রশাসক, রংপুর। সম্মানিত অতিথির বক্তব্য রাখেন রংপুর মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার আবু বকর সিদ্দিক। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনাব মো: আব্দুস সামাদ প্রধান, উপপরিচালক, সেন্ট্রাল লাইব্রেরি এন্ড ইনফরমেশন সেন্টার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এবং প্রফেসর জনাব মোহাম্মদ শাহ আলম । সভাপতিত্ব করেন জনাব হোসনে আরা লুৎফা ডালিয়া, প্রাক্তন এমপি। এ ছাড়াও উপস্থিত ছিলেন গ্রন্থাগার প্রেমি বিদগ্ধজন, আমন্ত্রিত সম্মানীত অতিথিবর্গ, স্থানীয় সুধীজন, স্থানীয় নাট্যজগতের সংশ্লিষ্ঠ ব্যক্তি, বিশিষ্ট বীর মুক্তিযোদ্ধা, বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ। আলোচনা সভার সঞ্চালক ছিলেন রংপুর ডিবেট সোসাইটিসহ অনেক গঠণমূলক সংগঠনের প্রাণ পুরুষ জনাব মো:আজহারুল ইসলাম Associate Professor সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর।

পবিত্র কোরআন পাঠের মাধ্যমে আলোচনা অনুষ্ঠানের শুভ সূচনা হয় । অতিথিগণকে কৃত্রিম ফুলের তোড়া দিয়ে বরণ করা হয় ,বিষয়টি অত্যন্ত প্রসংশনীয় হয়, অতিথিগণ নিজ নিজ দপ্তরে/বাসায় এটি দীর্ঘ দিন সংরক্ষণ করবেন বলে জানান কারণ অরিজিনাল ফুল ক্ষণস্থায়ী ।

বক্তব্যের শুরুতে সহকারী পরিচালক জনাব মো: আবেদ হোসেন তাঁর শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। তাঁর বক্তব্যে দিবসটির গুরুত্ব,বিশ্বে দিবসটি পালন সহ রংপুরের প্রাচীন জনপদে প্রায় ১৬৮ বছর বয়সী ১৮৫৪ পাবলিক লাইবেরির একটি হচ্ছে রংপুর পাবলিক লাইব্রেরি ,উত্তর জনপদের স্বনামধন্য সমাজ বিপ্লবী মোহাম্মদ খেরাজ আলীর ১৯৩৩ সনের ব্যতিক্রমী উদ্যোগ। উপমহাদেশের প্রথম ভ্রাম্যমান পাঠাগার, "খাতুনিয়া সার্কুলেটিং লাইব্রেরী"--- ইত্যাদি উঠে আসে ।

রংপুরস্থ ল্যাবের বিভাগীয় সভাপতি সৈয়দ মাহবুবার রহমান সোহেল, বাংলাদেশ বেসরকারি গণগ্রন্থাগার পরিষদ রংপুর বিভাগের মহাসচিব জনাব নাসিম আহমেদ উভয়েই তাদের বক্তব্যে বই বিক্রেতাগণের বই বিক্রয় প্রতিষ্ঠানের নাম থেকে 'লাইব্রেরি' শব্দটি বাদ দেওয়ার পদক্ষেপ গ্রহণের জন্য জেলা প্রশাসক মহোদয়কে অনুরোধ জানান , পাশাপাশি ডিজিটাল গ্রন্থাগার চালুর ব্যাপরে গুরুত্বারোপ করেন।

উক্ত অনুষ্ঠানে সরকারি বেগম রোকেয়া কলেজের প্রাক্তন অধ্যাপক জনাব মোহাম্মদ শাহ আলম প্রতিটি বেসরকারি গ্রন্থাগারে একজন গ্রন্থাগারিক নিয়োগসহ গ্রন্থাগারিকের সম্মানি ভাতা মঞ্জুরের বিষয়ে সংশ্লিষ্ঠ মহলের দৃষ্টি আকর্ষণ করে বক্তব্য প্রদান করেন।

এ ছাড়াও উক্ত অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বাবুখাঁ নজরুল সংঘ পাঠাগারের সাধারণ সম্পাদক রশিদুস সুলতান বাবলু, রংপুর মহানগর আওয়ামীলীগের মহিলা বিষয়ক সম্পাদক আলেয়া খাতুন লাভলীসহ বিভিন্ন গ্রন্থাগারের নেতৃবৃন্দ।

জনাব মো: আসিব আহসান ,জেলা প্রশাসক, রংপুর প্রধান অতিথির বক্তব্যে গ্রন্থাগারের বিভিন্ন দিক তুলে ধরেন ,তাঁর স্মৃতি চারণে উঠে আসে জীবন গঠনে গ্রন্থাগারের ভূমিকা ।"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার ডিজিটাল গ্রন্থাগার"প্রতিপাদ্য বিশ্লেষণে তিনি ডিজিটাল গ্রন্থাগারের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন ।রংপুরের ঐতিহ্যবাহী ১৮৫৪ সনের পাবলিক লাইব্রেরিটিতে ডিজিটাল সুবিধা প্রদানের /শুরুর অঙ্গিকার করেন।

সভাপতি মহোদয় এডভোকেট জনাব হোসনে আরা লুৎফা ডালিয়া (সাবেক এমপি ও সদস্য-বাংলাদেশ আওয়ালীগ: কাযনির্বাহী কেন্দ্রিয় সংসদ তিনি বেসরকারি পাঠাগারসমুহকে তৃণমূল জনগনের নিকট পাঠসেবা বিসৃতকরণ এবং গ্রন্থাগারের গ্রহণযোগ্যতা এক অনন্য উচ্চতায় নিয়ে যেতে সরকারের উঁচু মহলে সুপারিশের আশ্বাস দেন। উপস্থিত সকলে তাঁর এই বক্তব্যকে করতালির মাধ্যমে জোর সমর্থন দেন। সকলের সুস্বাস্থ্য কামনায় ও জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২ সফলতা কামনা করে অনুষ্ঠানের সমাপ্তি টানেন ।
আলোচনা সভা শেষে জেলাপ্রশাসক মহোদয় সকল অতিথিবৃন্দকে নিয়ে চা চক্রে যোগদান করেন এবং অনন্য সুন্দর অনুষ্ঠানের আয়োজনের জন্য কৃতঞ্জতা জ্ঞাপন করেন ।

# ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২২' উদযাপন এর ছবি




জনাব মো: আসিব আহসান ,জেলা প্রশাসক, রংপুর ও আহবায়ক, জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন কমিটি মহোদয় বেলুন উড়িয়ে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ (৫ ফেব্রুয়ারি) উদ্বোধন করেন




জনাব মো: আসিব আহসান ,জেলা প্রশাসক, রংপুর কে ফুল দিয়ে বরণ করছেন সহকারী পরিচালক জনাব মো: আবেদ হোসেন, বিভাগীয় সরকারি গণগ্রন্থগার, রংপুর।